

রিক্ত  
চিরাচরিত

একটি নদী প্রেম করেছে একটি মেয়ের সাথে  
রোজ দুপুরে গা ছুঁয়ে তার দস্যপনায় মাতে।

একটি উদার মেঘ -  
সূর্যটাকে আড়াল করে  
ঘনায় ভাবাবেগ।

একটি ফিচেল বাতাস  
লজ্জাটুকু উড়িয়ে দিয়ে  
ভরায় কামোচ্ছাস।

দু'টি পাখী একটা গাছে বসে,  
লাগাম ছাড়া প্রেমলীলাটা  
দেখে রসে-বশে।

কয়েকটি লোক হঠাত এসে গাছখানিকে কাটে  
লোহার খুঁটি কলকজ্জায় হাওয়াটিকে আঁটে।

নদীর বুকে দাগিয়ে দিল নোংরা মাখা হাত,  
অস্ত মেয়ে ছুটে পালায় কেউ দিল না সাথ।

যন্ত্রনাতে কাঁপে নদী সব হারানোর দুখে  
মেঘখানি তার কান্না ঝরায় অঁচড় দেওয়া বুকে।

পাখী দু'টি নতুন খোঁজে  
এগিয়ে চলে ডানার ভরে  
অনেক দূরে একটি ঘরে  
একটি কবি কলম ধরে।

### শুকনো ঢোথে

আবেগ হারিয়ে গেছে আদমের গ্রামে  
ব্যর্থ ভালবাসা ঝরে যায় প্রতি চান্দ্রমাসে।  
ফুলের সুবাসে  
মৌমাছির উন্মাদনা পেটের তাড়সে।  
শত সহস্র মাতালের ভীড়ে  
প্রতিটি একক জীবন মিশে যায় -  
আরো দু'টি জীবনের জলছবি ঘিরে।  
কামনা লুকিয়ে আছে চাবুকের শিরে,  
হৃদয় তো রক্তনালীর জট পাকানো মাংসপিণ্ড এক -  
বুকের গভীরে  
প্রেম শুধু যৌনাঙ্গের আস্ফালন -  
মস্তিষ্কের ত্রিয়ার সংঘাত  
গড়ে তোলে মন।  
দেহ - ক্ষুধা ত্যওঁ আর লালসায় মাখা  
গ্রহণ রেচন আর জননের যন্ত্র আবরণে ঢাকা।  
মৃত্যু যদি জীবনের শেষ সত্য হবে  
অনন্ত সময় ধরে বনলতা প্রতীক্ষায় কেন তবে ?